



ISO 9001, ISO 14001 &
ISO 45001 Certified



বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD



এসইএন্ডডি পরিদপ্তর
ট্রেনিং একাডেমি ভবন (৫ম তলা)
বাপবিবো, নিকুঞ্জ-২, ঢাকা-১২২৯।
ফোন : ০২-৮৯০০৩২২
E-mail: rebased@gmail.com

তারিখঃ ৩, পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৮ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ।

স্মারক নং-২৭.১২.০০০০.০২২.৩৬.৩২৩.২০২২.০২৭

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,
সকল পবিস।


বিষয়ঃ-এসইএন্ডডি পরিদপ্তরে অনুমোদনের জন্য প্রেরিত বিভিন্ন প্রস্তাবের অসংগতি প্রসংগে।

এসইএন্ডডি পরিদপ্তরে বিভিন্ন সময়ে বিভিন্ন পবিস কর্তৃক নতুন উপকেন্দ্র নির্মাণ, বিদ্যমান উপকেন্দ্রের ক্ষমতা বর্ধন, নতুন ৩৩ কেভি সোর্স ও ১১কেভি ফিডার লাইন নির্মাণ ও বিদ্যমান লাইন রি-রাউটিং, রি-কন্ডাটিং, ফিডার বাইফারকেশন, বিদ্যমান ফিডারের তারের সাইজ পরিবর্তন, নতুন গ্রাহকের লোড বরাদ্দ/বিদ্যমান গ্রাহকের লোড বৃদ্ধির প্রস্তাব ইত্যাদি এসইএন্ডডি পরিদপ্তরে বিভিন্ন সমিতি কর্তৃক প্রেরন করা হয়ে থাকে। কিন্তু উক্ত প্রস্তাবসমূহ প্রেরনকালে অধিকাংশ সমিতি কর্তৃক নিম্নোক্ত অসংগতিগুলি পাওয়া যায়।

- (১) বিভিন্ন সমিতি হতে প্রেরিত বিভিন্ন প্রস্তাবসমূহের ক্ষেচ ও সিংগেল লাইন ডায়াগ্রাম, মালামালের তালিকা, প্রাক্কলন, ই-নথি ইত্যাদিতে সংশ্লিষ্ট এজিএম(ওএন্ডএম/ইএন্ডসি), ডিজিএম (কারিগরী) কর্তৃক যাচাই-বাছাই না করে শুধুমাত্র জুনিয়ার ইঞ্জিনিয়ার এর স্বাক্ষরে অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। ফলে ডিজিএম(কারিগরী) এর মতামত ছাড়াই অধিকাংশ সময় প্রস্তাব অনুমোদন প্রদান করা হয়।
- (২) প্রস্তাবের সাথে সংযুক্ত বিভিন্ন প্রকারের ডিজাইন, ড্রয়িং, মালামালের তালিকা ও প্রাক্কলন ইত্যাদি জুনিয়ার ইঞ্জিনিয়ার দ্বারা সম্পাদনের পর বাস্তবিকভাবে অধিকতর যাচাই-বাছাই ছাড়াই অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরন করা হয়। ফলে ডিজাইন, ড্রয়িং, মালামালের তালিকা ও প্রাক্কলনে অনেক ভুল-ত্রুটি লক্ষ্য করা যায়। এক্ষেত্রে, গুরুত্বভেদে ডিজাইন, ড্রয়িং, মালামালের তালিকা ও প্রাক্কলন বিভিন্ন লেভেলের কর্মকর্তা দ্বারা ডিজাইন, ড্রয়িং, মালামালের তালিকা ও প্রাক্কলন যাচাই-বাছাই করা অধিকতর যুক্তিযুক্ত।
- (৩) ডিপোজিট ওয়ার্কের লাইন/ডিপোজিট ওয়ার্কের আওতায় আপগ্রেডেশনের লাইন ইত্যাদির ক্ষেত্রে অধিকাংশ সমিতি কর্তৃক শুধুমাত্র নতুন লাইন/মালামালের মূল্য নেয়া হয়। অব্যবহারযোগ্য মালামালের মূল্য নেয়া হয় নাই। এক্ষেত্রে Remove & Reused মালামালের মূল্য বাদ দিয়ে বিভিন্ন ইউনিটসহ মালামালের মূল্য নেয়া প্রয়োজন। অনেক ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে Remove & Reused মালামালের মূল্য প্রাক্কলনে ধরা হয়। তাছাড়া Remove মালামালের ব্যাপারে প্রাক্কলনে কিছু বলা হয় না।
- (৪) সমিতি হতে প্রেরিত উপকেন্দ্রের ফিডার/ল্যাটারেল লাইনের তার পরিবর্তন/ফিডার বাইফারকেশনের প্রস্তাবে সিংগেল লাইন ডায়াগ্রামে তারের সাইজ, লোড (মেগাওয়াট), নোড পয়েন্টের লোড (মেগাওয়াট/অ্যাম্পিয়ার), ম্যাক্সিমাম লোডিং পয়েন্ট থাকে না। যা স্ট্যাডিতে অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন। অনুমোদনকালে দেখা যায় যে, অনেক সমিতি কর্তৃক প্রয়োজন না থাকা সত্ত্বেও সিস্টেম লস হ্রাস করনের নামে মূল্যবান কন্ডাক্টর পরিবর্তন করছেন/পরিবর্তনের প্রস্তাব করছেন।
- (৫) উপকেন্দ্রের ক্ষমতা বর্ধনকালে উপকেন্দ্রের গ্রাউন্ডিং পরিমাপকৃত রেজিস্ট্যান্সের মান/ক্ষেচ প্রেরন করা হয় না। এক্ষেত্রে, গ্রাউন্ডিং রেজিস্ট্যান্স পরিমাপ করে মান, স্কাই-ওয়ারের অবস্থান, নতুন স্থাপিত ট্রান্সফরমার এর স্থাপনের অবস্থান, ট্রান্সফরমার এর অপারেশনের (প্যারালাল/আলাদা) অবস্থান প্রস্তাবে উল্লেখ থাকা প্রয়োজন।


(৬) গ্রাহকের নতুন লোড অনুমোদন/বিদ্যমান লোড বর্ধনের ক্ষেত্রে ডিজিএম(কারিগরী) এর কোন মতামত গ্রহন করা হয় না। অধিকাংশ সমিতি কর্তৃক শুধুমাত্র এজিএম (সদস্য সেবা) এর মতামতের উপরভিত্তি করে অনুমোদনের প্রস্তাব প্রেরন করা হয়। এক্ষেত্রে, গ্রীড উপকেন্দ্র, ৩৩কেভি বর্হিগমণ ফিডার, পবিস উপকেন্দ্র ও ১১কেভি ফিডারের কারিগরী অবস্থা সম্পর্কে তথ্য জানা সম্ভব হয় না।

এমতাবস্থায়, উপরোক্ত অসংগতিগুলি সংশোধন করে এসইএন্ডডি পরিদপ্তরে বিভিন্ন প্রকারের প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরনের অনুরোধ করা হলো।


২৮/১২/২২
(মোঃ আজম খান)
পরিচালক, এসইএন্ডডি।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য, পিএন্ডডি/ডিএন্ডও, আরইবি, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী পিএন্ডও/প্রকল্প, আরইবি, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পিএন্ডডি/ওএমএন্ডডি, আরইবি, ঢাকা।
- ৪। সিস্টেম অপারেশন, আরইবি, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল জোন, আরইবি।
- ৬। একান্ত সচিব, চেয়ারম্যান, আরইবি, ঢাকা।
- ৭। সকল নির্বাহী প্রকৌশলী (এসওডি), আরইবি।


২৮/১২/২২
(মোঃ আজম খান)
পরিচালক, এসইএন্ডডি।